দৈনিক ইনকিলাব

16

তারিখ 04 SEP 1987
পৃষ্ঠা ... 1 কলাম 2

ঢাকা বিশ্ববিদ্যালয়ে হত্যাযজ্ঞ

# নীরু ও পাগলা শহীদসহ ১৩ জনের বিরুদ্ধে চার্জশীট

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত মধ্য জুলাই সংঘটিত হত্যাকাণ্ডের সাথে জড়িত থাকার সন্দেহে জাতীয়তাবাদী ছাত্র দল নেতা সানাউল হক নীরু ও বজলুর রহমান খান পাগলা শহীদসহ ১৩ জনের বিরুদ্ধে মহানগরী গোয়েন্দা পুলিশ গত ৩০ আগস্ট রমনা থানায় চার্জশীট দিয়েছেন। শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## চার্জশীট

প্রথম পৃষ্ঠার পর

১৪ জুলাই রাত সাড়ে ১২টায় সূর্য সেন হল গেটের সামনে ইতিহাস বিভাগের প্রথম বর্ষ (পুরাতন) শ্রেণীর ছাত্র ওয়াদুদ ইসলামের হত্যাকাণ্ডের সাথে জড়িত সন্দেহে পুলিশ ৪ জনের বিরুদ্ধে চার্জশীট দিয়েছেন। এরা হলো— বজলুর রহমান খান ওরফে পাগলা শহীদ, আ, ফ, ম, খয়রুল বাশার ওরফে খবির, আবুল বাশার হাওলাদার ওরফে বাশার ও গোলাম মর্তুজা। এদের মধ্যে পাগলা শহীদ জাতীয়তাবাদী ছাত্র দলের কেন্দ্রীয় কমিটির সদস্য ও খবির কেন্দ্রীয় কমিটির অফিস সম্পাদক ও অন্য দু'জন ছাত্র দল কর্মী বলে জানা গেছে। নিহত ওয়াদুদ হালিম ছাত্র দল কর্মী ছিল।